# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

### ২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

---

**সকল রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য, জেলা কমিটির সম্পাদক/সভাপতিদের প্রতিঃ**

**##########**

**বিশেষ সার্কুলার**

**##########**

প্রিয় সাথিবৃন্দ,

গত ০৮/১১/২০২৩ রাজ্য দপ্তরে রাজ্য সম্পাদকমণ্ডলীর বর্ধিত গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কমরেড মুন্সী মোশারফ হোসেন।

সভায় আগামী ৮ ই ডিসেম্বর ধমতলা Y চ্যানেলে এই সময়ে বৃহত্তর সমাবেশের রূপ দিতে সব অংশের শিক্ষাকর্মীদের সমবেত করতে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি কার্যকর করতে অনুরোধ করছি।

১) রাজ্য কমিটির পক্ষ থেকে বারংবার অনুরোধ করা সত্ত্বেও অধিকাংশ জেলা কমিটির সম্পাদক/সভাপতিরা সভায় আসা অথবা জেলা থেকে প্রতিনিধি পাঠানোর উদ্যোগ গ্রহণ করলেন না বা আগাম জানানোর প্রয়োজন মনে করলেন না।

আজকের সভায় নিম্নলিখিত জেলা কমিটি প্রতিনিধিত্ব করেছিলেন ।

১) কলকাতা

২) দক্ষিণ ২৪ পরগণা

৩) উত্তর ২৪ পরগণা

৪) পশ্চিম মেদিনীপুর

৫) পূর্ব বধমান

৬) মুরশিদাবাদ

৭) হুগলি

৮) হাওড়া

২) জরুরি ভিত্তিতে জেলা কমিটির সভা ডেকে এই সময় ব্যাপক এবং সর্বাত্মক জমায়েতের পরিকল্পনা গ্রহণ করতে সব অংশের শিক্ষাকর্মীদের (স্থায়ী/অস্থায়ী) কাছে পৌঁছাতে হবে। এর জন্য জেলার বর্ধিত সভা, ইউনিট সভা, পথসভা, ব্যক্তিগত যোগাযোগ যেখানে যেমন পরিস্থিতি সেখানে সেই রকমভাবে পরিকল্পনা করতে হবে। যত জনের কাছে থেকে অংশগ্রহণের সম্মতি পাওয়া সম্ভব হবে তাদের নামের তালিকা আগামী ২রা ডিসেম্বরের মধ্যে রাজ্য দপ্তরে পাঠাতে হবে।

পাশাপাশি ভাবে এই আন্দোলনকে সফল করে তুলতে সকল শিক্ষাকর্মীদের কাছ থেকে ১০ ,২০, ৫০, ১০০ যার যেমন সামর্থ্য তাদের প্রত্যেকের কাছ থেকে অর্থ সাহায্যের আবেদন জানাতে হবে।

তালিকা সহ সংগৃহীত অর্থ রাজ্য দপ্তরে জমা দিতে হবে।

আগামী ১০/১১/২০২৩ থেকে পোস্টার রাজ্য দপ্তর থেকে পাওয়া যাবে । কিভাবে সংগ্রহ করবেন সেই বিষয়ে অফিস সম্পাদক কমঃ মানস ভট্টাচার্যের সাথে যোগাযোগ করে সংগ্রহ করতে হবে।

সমাবেশে সকল শিক্ষাকরমী বন্ধুদের ব্যাজ পড়ে আসতে হবে।

কেন্দ্রীয় ভাবে রাজ্যের whatsapp গ্রুপে দিয়ে দেওয়া হবে । সেখান থেকে প্রিন্ট করে নিতে হবে ।

দূরের জেলা গুলি থেকে আসা শিক্ষা কর্মীদের বন্ধুদের যদি থাকার ব্যবস্থা হয়। তাহলে ১৫ দিন আগে সংখ্যা এবং প্রত্যেকের আধার কার্ডের জেরক্স কপি রাজ্যের কমিটির গ্রুপে দিতে হবে।

# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

## ২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

৩) পুলিশ , সেনাবাহিনী অনুমতি, রাজ্য পাল, স্পিকারের সাক্ষাতের অনুমতি সংক্রান্ত দায়িত্বে কমঃ মানস ভট্টাচার্য, গৌরব সাহা

৪) সাংস্কৃতিক অনুষ্ঠান দায়িত্বে কমঃ উপানন্দ মন্ডলী

৫) ধর্মতলা অঞ্চল জুড়ে সাজানোর দায়িত্ব পালন করবেন :- পরিকল্পনা উপসমিতির পক্ষে

কমঃ চঞ্চল দাস (আহ্বায়ক)

কমঃ কৃষেন্দু গুহ

কমঃ মানস ভট্টাচার্য

কমঃ পারমিতা দাশগুপ্ত

কমঃ পরমানন্দকে দলুই

কমঃ গৌরব সাহা

কমঃ সুকুমার দাস

কমঃ শুভাশিস , কমরেড উৎপল

৬) জমায়েত লক্ষ্যমাত্রা :- প্রতিটি জেলার মোট সদস্য সংখ্যা নূন্যতম ৫০ শতাংশে উপস্থিত করাতে হবে । অবশ্য ই ছুটি নিয়ে সভায় আসতে হবে।এ বিষয়ে কমরেড দের দৃষ্টি আকর্ষণ করছি।

জেলা শহরে দেওয়াল লিখন ও পোস্টার লাগাতে হবে ।

৭) আগামী ৮/১২/২০২৩ সংগঠনের মুখপাত্র আয়ূধ পত্রিকা প্রকাশিত হবে। তাই অনুরোধ আপনারা নিজেদের লেখা ও অন্যান্য লেখা পাঠান। সেই সঙ্গে জেলার খবর অবশ্যই আগামী ২৪/১১/২০২৩ তারিখের মধ্যে রাজ্য দপ্তরে পাঠাতে হবে।

পাশাপাশি ভাবে প্রিন্টিং খরচ মাত্রাতিরিক্ত হবে বেড়ে যাওয়ায় সংগ্রামে হাতিয়ার আউট নিয়মিত প্রকাশনায় আর্থিক সমস্যার মধ্যে এগিয়ে চলছে তাই মাথায় রেখে বিগত দিনগুলির মত প্রতিটি জেলা কমিটির গুলির কাছে অনুরোধ একটি দুটি করে বিজ্ঞাপন সংগ্রহ করে এই পত্রিকাটাকে ধারাবাহিক প্রকাশনায় সাহায্য এবং সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন।

জেলা কমিটি গুলিকে নগদ টাকা দিয়ে পত্রিকা নিতে হবে।

৮) সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক রাজ্য কমিটির সদস্যদের মাসিক ৫০ টাকা করে দিতে হবে এখনো পর্যন্ত যারা যারা এই সিদ্ধান্ত কার্যকর করেনি তাদের দ্রুত জমা দেবার জন্য অনুরোধ করছি।

সদস্য চাঁদা আদায় আশানুরূপ নয়।

৯).চল্লিশ বছর উদযাপনের জন্য রাজ্য কাউন্সিল সদস্য পিছু ₹১০০০/ টাকা জমা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জেলা গুলো এখন ও সম্পূর্ণ অর্থ জমা করেন নি। এ বিষয়ে ও আপনাদের সাহায্য চাইছি।

১০) সুষ্ঠু ভাবে ওয়েবসাইট কাজ সম্পন্ন করতে । সাহায্য করুন। ফোন নম্বর সহ জেলা কমিটির , ইউনিট কমিটি সদস্যদের নামের তালিকা দ্রুত রাজ্য দপ্তরে পাঠাতে হবে । তার সাথে জেলা গত ভাবে শিক্ষাকর্মীদের পূর্ণাঙ্গ বিবরণ এক্সেল সিটে করে পাঠাতে হবে

পুনরায় অনুরোধ করছি আগামী ০৮/১২/২০২৩ তারিখের সমাবেশ কে বৃহত্তর সমাবেশে রূপ দিতে সকলেই এগিয়ে আসুন।

সংগ্রামী অভিনন্দনসহ

সুব্রত চক্রবর্তী,

সাধারণ সম্পাদক।